

বাংলাদেশ মহিলা পরিষদ

লিঙ্গ্যাল এইড উপ-পরিষদ, কেন্দ্রীয় কমিটি

নারী ও কন্যা নির্যাতন বিষয়ক তথ্য (সেপ্টেম্বর, ২০২২)

ক্রম	নির্যাতনের ধরণ	কন্যা নির্যাতন (বয়স ০-১৮)	নারী নির্যাতন (বয়স ১৮ উর্দ্ধ)	নারী ও কন্যা নির্যাতন
১.	ধর্ষণ	৬৪	১১	৭৫
২.	দলবদ্ধ ধর্ষণ	১৪	১০	২৪
৩.	ধর্ষণের পর হত্যা	২	১	৩
৪.	ধর্ষণের কারণে আত্মহত্যা	১	-	১
৫.	ধর্ষণের চেষ্টা	৯	৬	১৫
৬.	যৌন নিপীড়ন	১৭	৫	২২
৭.	উত্ত্যক্তকরণ	৬	২	৮
৮.	উত্ত্যক্তকরণের কারণে আত্মহত্যা	-	-	-
৯.	নারী ও কন্যা পাচার	-	-	-
১০.	এসিডদগ্ধ	-	১	১
১১.	এসিডদগ্ধের কারণে মৃত্যু	-	-	-
১২.	অগ্নিদগ্ধ	-	১	১
১৩.	অগ্নিদগ্ধের কারণে মৃত্যু	-	১	১
১৪.	যৌতুকের কারণে নির্যাতন	-	১০	১০
১৫.	যৌতুকের কারণে হত্যা	-	৮	৮
১৬.	শারীরিক নির্যাতন	২	১৮	২০
১৭.	পারিবারিক সহিংসতা	-	-	-
	১৭.১ শারীরিক নির্যাতন	-	২	-
	১৭.২ মানসিক নির্যাতন	-	-	-
	১৭.৩ যৌন নির্যাতন	-	-	-
১৭.৪ আর্থিক ক্ষতি	-	-	-	
১৮.	গৃহকর্মী নির্যাতন	-	-	-
১৯.	গৃহকর্মী হত্যা	-	-	-
২০.	গৃহকর্মী আত্মহত্যা	-	-	-
২১.	হত্যা	৯	৩৩	৪২
২২.	হত্যার চেষ্টা	৩	-	৩
২৩.	রহস্যজনক মৃত্যু	৩	১৭	২০
২৪.	আত্মহত্যা	৫	১৩	১৮
২৫.	আত্মহত্যায় প্ররোচনা	২	৫	৭
২৬.	আত্মহত্যার চেষ্টা	-	-	-
২৭.	পিতৃত্বের দাবি	-	-	-
২৮.	অপহরণ	১৫	৪	১৯
২৯.	অপহরণের চেষ্টা	-	-	-
৩০.	ফতোয়া	-	-	-
৩১.	বাল্যবিবাহ	১	-	১
৩২.	বাল্যবিবাহের চেষ্টা	৮	-	৮
৩৩.	জোরপূর্বক বিয়ে	-	-	-
৩৪.	পুলিশী নির্যাতন	-	-	-
৩৫.	সাইবার ক্রাইম	২	৬	৮
৩৬.	অন্যান্য	৬	৮	১৪
মোট		১৬৯	১৬২	৩৩১

পত্রিকার নাম: The Independent, The Daily Star, New Age, The Daily Observer, দৈনিক ইত্তেফাক, সংবাদ, প্রথম আলো, দৈনিক জনকণ্ঠ, ভোরের কাগজ, যুগান্তর, সমকাল, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, দৈনিক কালের কণ্ঠ।

বাংলাদেশ মহিলা পরিষদ

লিগ্যাল এইড উপ-পরিষদ, কেন্দ্রীয় কমিটি

সেপ্টেম্বর ২০২২ এর নারী ও কন্যা নির্যাতন বিষয়ক তথ্য

তারিখ: ০২.১০.২০২২

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকা ও টেলিভিশন চ্যানেল

সংবাদ প্রকাশার্থে ও সংবাদ প্রচারার্থে।


বিষয়: বাংলাদেশ মহিলা পরিষদের কেন্দ্রীয় লিগ্যাল এইড উপ-পরিষদে সংরক্ষিত ১৩টি দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদের ভিত্তিতে ১৬৯ জন কন্যা এবং ১৬২ জন নারী নির্যাতনের শিকার হওয়ার ঘটনার তথ্য প্রসঙ্গে।

পত্রিকায় প্রকাশিত সংবাদ অনুসারে ২০২২ সালের সেপ্টেম্বর মাসে মোট ৩৩১ জন নারী ও কন্যা নির্যাতনের শিকার হয়েছে এর মধ্যে ধর্ষণের শিকার হয়েছে ৮১ জন কন্যাসহ ১০৩ জন। তার মধ্যে ১৪ জন কন্যা ও ১০ জন নারীসহ ২৪ জন দলবদ্ধ ধর্ষণের শিকার হয়েছে, ২ জন কন্যা ও ১ জন নারী-কে ধর্ষণের পর হত্যা করা হয়েছে। ১ জন কন্যা ধর্ষণের কারণে আত্মহত্যার শিকার হয়েছে। এছাড়াও ৯ জন কন্যাসহ ১৫ জনকে ধর্ষণের চেষ্টা করা হয়েছে।

২২ জন যৌন নিপীড়নের শিকার হয়েছে এর মধ্যে ১৭ জন কন্যা। ৮ জন উত্ত্যক্তকরণের শিকার হয়েছে এর মধ্যে ৬ জন কন্যা। এসিডদ্রবের শিকার হয়েছে ১ জন। ২ জন অগ্নিদ্রবের শিকার হয়েছে তার মধ্যে ১ জনের অগ্নিদ্রবের কারণে মৃত্যুর হয়েছে। যৌতুকের কারণে নির্যাতনের শিকার হয়েছে ১৮ জন, এরমধ্যে ৮ জনকে যৌতুকের কারণে হত্যা করা হয়েছে। শারীরিক নির্যাতনের শিকার হয়েছে মোট ২০ জন এর মধ্যে ২ জন কন্যা। পারিবারিক সহিংসতায় শারীরিক নির্যাতনের শিকার হয়েছে ২ জন। বিভিন্ন কারণে ৯ জন কন্যাসহ ৪২ জনকে হত্যা করা হয়েছে। এছাড়াও ৩ জন কন্যাকে হত্যার চেষ্টা করা হয়েছে। ৩ জন কন্যাসহ ২০ জনের রহস্যজনক মৃত্যু হয়েছে। ৭ জন কন্যাসহ ২৫ জনের আত্মহত্যার ঘটনা ঘটেছে, এরমধ্যে ২ জন কন্যাসহ ৫ জন আত্মহত্যার প্ররোচনার শিকার হয়েছে। ১৫ জন কন্যাসহ ১৯ জন অপহরণের ঘটনার শিকার হয়েছে। ২ জন কন্যাসহ সাইবার অপরাধের শিকার হয়েছে ৮ জন। বাল্যবিবাহের ঘটনা ঘটেছে ৯ টি। বাল্যবিবাহের ঘটনা প্রতিরোধ করা হয়েছে ৮ টি। এছাড়া ৬ জন কন্যাসহ ১৪ জন বিভিন্নভাবে নির্যাতনের শিকার হয়েছে।

২০২২ সালের জানুয়ারি - সেপ্টেম্বর মোট ৫৪৫ জন কন্যা ধর্ষণের শিকার হয়েছে। তার মধ্যে ১০১ জন কন্যা দলবদ্ধ ধর্ষণের শিকার হয়েছে, ১৬ জন কন্যাকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে, ৭ জন কন্যা ধর্ষণের কারণে আত্মহত্যার শিকার হয়েছে।

বার্তা প্রেরক-



মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ

সংযুক্তি: ১৩ টি দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশিত ঘটনার পেপার ক্লিপিং এর সংরক্ষিত তথ্যের ভিত্তিতে সেপ্টেম্বর-২০২২ এর নারী ও কন্যাশিশু নির্যাতনের সংখ্যা।

পত্রিকার নাম: The Independent, The Daily Star, New Age, The Daily Observer, দৈনিক ইত্তেফাক, সংবাদ, প্রথম আলো, দৈনিক জনকণ্ঠ, ভোরের কাগজ, যুগান্তর, সমকাল, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, দৈনিক কালের কণ্ঠ।